

## আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নম্বরঃ ২১৫

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০) মেসওয়াকের প্রতি উদ্বুদ্ধকরণ ও তার ফযীলতের বর্ণনা

الترغيب في السواك وما جاء في فضله

আরবী

(حسن صحيح) و عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّهُ أَمَرَ بِالسَّوَاكِ ، وَقَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : إِنَّ الْعَبْدَ إِذَا تَسَوَّكَ ، ثُمَّ قَامَ يُصَلِّي قَامَ الْمَلِكُ خَلْفَهُ ، فَيَتَسَمَّعُ لِقِرَاءَتِهِ فَيَدْنُو مِنْهُ أَوْ كَلِمَةً نَحْوَهَا حَتَّى يَضَعَ فَاهُ عَلَى فِيهِ فَمَا يَخْرُجُ مِنْ فِيهِ شَيْءٌ مِنَ الْقُرْآنِ ، إِلَّا صَارَ فِي جَوْفِ الْمَلِكِ ، فَطَهَّرُوا أَفْوَاهَهُمْ لِلْقُرْآنِ . رواه البزار بإسناد جيد

বাংলা

২১৫. (হাসান সহীহ) আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি একদা মেসওয়াকের আদেশ করলেন ও বললেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ”বান্দা যখন মেসওয়াক করে সালাতে দন্ডায়মান হয়, তখন ফেরেশতা তার পিছনে দন্ডায়মান হয়ে তার কেরাআত শুনতে থাকে, অতঃপর তার নিকটবর্তী হতে থাকে- (অথবা এধরণের কোন শব্দ বলেছেন) এমনকি তার মুখে নিজের মুখ রেখে দেয়। অতঃপর মুসল্লীর মুখ থেকে কুরআনের কোন শব্দ বের হওয়া মাত্রই তা ফেরেশতার পেটে চলে যায়। সুতরাং কুরআনের জন্য তোমরা তোমাদের মুখমণ্ডল কে পবিত্র কর।”

(উত্তম সনদে বাযযার ৪৯৬ ও ইবনু মাজাহ্ আংশিক মওকূফ সূত্রে বর্ণনা করেন।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87975>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন